তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# পাবনা সিটি কলেজে হামলার ঘটনায় শিক্ষকদের স্মারকলিপি প্রদান

পাবনা সংবাদদাতা ।। বিএনপি'র এক নেতাকে কলেজ পরিচালনা কমিটির সদস্য না করায় বিএনপির একদল সশস্ত্র কর্মী শহরের সিটি কলেজ বন্ধ করে দিয়েছে এবং কলেজের শিক্ষক-কর্মচারীদের লাঞ্ছিত করেছে। বৃহস্পতিবার কলেজের ২৯ জন শিক্ষক এই ঘটনার আইনগত ব্যবস্থা গ্রহণের দাবীতে পাবনার জেলা প্রশাসক ও পুলিশ সুপারের নিকট স্মারকলিপি প্রদান করেছেন। স্মারকলিপিতে বলা হয়, জেলা বিএনপি'র যগ্ম সম্পাদক আনিসুল হক বাবুকে সিটি কলেজ পরিচালনা কমিটিতে অন্তর্ভুক্ত করার জন্য ২২ জুলাই টেবুনিয়া সামসুল হুদা মহাবিদ্যালয়ের প্রভাষক সুজন মাহমুদের নেতৃত্বে ৮/১০জন বিএনপি সন্ত্রাসী অধ্যক্ষের কক্ষে ঢুকে হুমকি দেয়। তার পরিচালনা কমিটির ২জন সদস্যকে পদত্যাগ করার জন্যও হুমকি দেয়। গত ২৩ জুলাই ঐ সুজনের নেতৃত্বেই কাচারীপাড়ার হাসান আলী, জামাল, সুমনসহ ১৫/১৬ জন কলেজে হামলা চালিয়ে শিক্ষকদের লাঞ্ছিত এবং ৪র্থ শ্রেণীর কর্মচারী মোঃ রফিকুল ইসলামকে মারাত্মকভাবে জখম করে।